গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

"ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) এর ২য় সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১২ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | বেলা ১২.০০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং প্রকল্প পরিচালককে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক গত ২০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থবছরের ১ম পিএসসি সভার কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সম্মানিত সদস্যদের কোনো প্রকার সংযোজন-বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর প্রকল্প পরিচালক ২০২৩-২৪ অর্থবছরের ১ম পিএসসি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পের সার্বিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০৩। প্রকল্প পরিচালক বলেন, বর্ণিত প্রকল্পের নকশায় পতিত পুরাতন ভবন ২টি ভেঙ্গে অপসারণের নিমিত্ত নিলাম দরপত্র আহ্বান করা হয়। ইতোমধ্যে ভবন ভাঙ্গার নিলাম দরপত্র মূল্যায়ন ও অনুমোদনপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ভবন ভাঙ্গার কার্যক্রম শুরু হয়েছে। তিনি আরও বলেন, প্রকল্পের প্রধান পূর্তকাজ- ড্রাগ ডি- অ্যাডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (১টি বেইজমেন্টসহ ১৩তলা ভবন) (পূর্ত-২) নির্মাণ কাজের গণপূর্ত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী প্রণীত চূড়ান্ত প্রাক্কলন ৯৩০৯.৫২ লক্ষ টাকা। যা ডিপিপিতে গণপূর্ত রেট সিডিউল, ২০১৮ অনুযায়ী সংস্থানকৃত অর্থের পরিমাণ প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ৯৫১৮.৮৫ লক্ষ টাকা কম হওয়ায় দরপত্র আহ্বান, মূল্যায়ন ও অনুমোদনপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ভবন ভাঙ্গার কাজ শেষ হলে নতুন ভবন নির্মাণের কার্যক্রম শুরু হবে। তবে মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) নির্মাণ (পূর্ত-১) কাজের গণপূর্ত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী প্রণীত চূড়ান্ত বিস্তারিত প্রাক্কলন ১২৩৪.০০ লক্ষ টাকা। যা গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল, ২০১৮ অনুযায়ী অনুমোদিত ডিপিপির প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ৫৫৩.৩৩ লক্ষ টাকা বেশি হওয়ায় দরপত্র আহবান সম্ভব হচ্ছে না। পূর্ত-১ এবং পূর্ত-২ এর বিস্তারিত প্রাক্কলন অনুমোদিত ডিপিপির গণপূর্ত রেট সিডিউল, ২০১৮ এর পরিবর্তে বর্তমানে অনুমোদিত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী প্রস্তুত করা হয়েছে বিধায়, পরিকল্পনা কমিশনের পূর্বানুমতির নিমিত্ত ভৌত অবকাঠামো বিভাগে পত্র প্রেরণ করা হয়ছে।

০৪। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর বলেন, ডিপিপি অনুমোদনের সময় চূড়ান্ত স্থাপত্য নকশা প্রণীত না হওয়ায় ভবনের প্রত্যেক ফ্লোরের প্লিন্থ এরিয়া হিসাব করে খসড়া প্রাক্কলন করা হয়েছিল। কিন্তু পরে চূড়ান্ত স্থাপত্য নকশা অনুসরণ করে গণপূর্ত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী বিস্তারিত প্রাক্কলন করা হয়। ফলে পূর্ত-২ এর প্রাক্কলিত মূল্য

ডিপিপিতে সংস্থানকৃত অর্থের চেয়ে কম হয়।

০৫। উপপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ সভাকে জানান যে, ভৌত অবকাঠামো বিভাগে প্রেরিত পত্রে কিছু বিষয় যেমন, বর্তমান প্রাক্কলিত ব্যয় কম-বেশি হওয়ার কারণ, প্রকল্প সংশোধনের উদ্যোগ না নিয়ে কেন রেট সিডিউল, ২০২২ অনুযায়ী কাজের পূর্বানুমতি চাওয়া হচ্ছে ইত্যাদি স্পষ্ট করা হয়নি। এছাড়া বিস্তারিত প্রাক্কলনের কপিও সংযুক্ত করা হয়নি। সবকিছু স্পষ্ট করে বিস্তারিত প্রাক্কলনসহ পত্রটি সংশোধনপূর্বক ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করা হলে পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহজতর হবে।

০৬। মহাপরিচালক, আইএমইডি সভাকে অবহিত করেন যে, সময়াবদ্ধ কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণক্রমে প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে নিতে হবে।

০৭। এ বিষয়ে সভাপতি বলেন, পুরাতন ভবন দুইটি ভেঙ্গে অপসারণ করে দ্রুত ড্রাগ ডি- অ্যাডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (১ টি বেইজমেন্টসহ ১৩তলা ভবন) (পূর্ত-২) নির্মাণ কাজ শুরু করতে হবে এবং পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি গ্রহণ করে দ্রুত মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) (পূর্ত-১) কাজের দরপত্র আহ্বান করতে হবে। তিনি আরও বলেন, ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত এডিপিতে আগামী ৬ মাসে যে পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব সে পরিমাণ বাজেট প্রস্তাব করতে হবে। তিনি ২০২৩-২৪ অর্থবছরে পূর্ত কাজের জন্য কি পরিমাণ অর্থ প্রয়োজন তার চাহিদা প্রেরণের জন্য গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করেন।

**০৮। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১) পুরাতন ভবন দুইটি ভেঙ্গে অপসারণের কাজ দ্রুত শেষ করে দ্রুত প্রকল্পের প্রধান পূর্তকাজ- ড্রাগ ডি- অ্যাডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (১ টি বেইজমেন্টসহ ১৩ তলা ভবন) (পূর্ত-২) নির্মাণ কাজ শুরু করতে হবে;

২) পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি গ্রহণপূর্বক দ্রুত মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) (পূর্ত-১) কাজের দরপত্র আহবান করতে হবে;

৩) বর্তমান অর্থবছরে পূর্ত কাজে কি পরিমাণ অর্থ ব্যয় সম্ভব তার চাহিদা গণপূর্ত অধিদপ্তর থেকে সংগ্রহপূর্বক সে মোতাবেক যৌক্তিকভাবে ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত এডিপি প্রস্তুত করতে হবে;

৪) ডিপিপি অনুযায়ী নিয়মিত পিএসসি/পিআইসি সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

৫) প্রকল্পের ক্রয় পরিকল্পনা অনুসারে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক ক্রয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০১.২৩.২০০

তারিখ: ৪ পৌষ ১৪৩০
১৯ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ

২) কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৬) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

৭) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

৯) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

১০) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ


১১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর

১২) প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

১৪) নির্বাহী স্থপতি, বিভাগ-১৫, স্থাপত্য অধিদপ্তর

১৫) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশারফ হোসেন
উপসচিব